

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
( www.tmed.gov.bd )

নং- ৫৭.০০.০০০০.০৮৫.৫২.০২.২০১৭(অংশ-২)-২৪০

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
২২ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান (দাখিল ও আলিম) এ ১৩.১১.২০১১খ্রি. তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের পরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও বিহীন কর্মরত সহকারি শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার) , সহকারি শিক্ষক (বিজ্ঞান) এবং প্রভাষক (বিজ্ঞান) আলিম স্তর শিক্ষকদের এম.পি.ও ভুক্তিকরণ।

সূত্র: ১. অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.০২০.০১০.২০১৭-৬০৪, তারিখ: ২০/০৯/২০১৭ খ্রি.।  
২. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬১.১৭-৭৫, তারিখ: ১১/০৩/২০১৮খ্রি.।

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২.০৮.২০১৭খ্রি. তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং ১৩.১১.২০১১খ্রি. তারিখের পরে অতিরিক্ত শ্রেণি শাখা ও বিষয়/বিভাগের বিপরীতে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এম.পি.ও ভুক্তির লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"(১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২) বিজ্ঞান এবং (৩) ১৩.১১.২০১১খ্রি. তারিখের পরে অতিরিক্ত শ্রেণি শাখা ও বিষয়/বিভাগের বিপরীতে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও বিহীন শিক্ষকদের এম.পি.ও ভুক্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।"

২.০ উক্ত সিদ্ধান্তের ধারাবাহিকতায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান (দাখিল ও আলিম) এ গত ১৩.১১.২০১১ খ্রি: তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের পরে নিয়োগপ্রাপ্ত এবং কর্মরত এম.পি.ও বিহীন সহকারি শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার) , সহকারি শিক্ষক (বিজ্ঞান) এবং প্রভাষক (বিজ্ঞান) আলিম স্তর শিক্ষকদের তালিকা প্রেরণ করেছে। প্রেরিত তালিকা যাচাই বাছাই করে নিম্নের ছকে উল্লিখিত শিক্ষকদের তথ্যাদি প্রাথমিকভাবে যথাযথ পাওয়া গেছে:

| প্রতিষ্ঠানের ধরন | বিষয়   | শিক্ষকের সংখ্যা |
|------------------|---|-----------------|
| মাদ্রাসা         | সহকারি শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (কম্পিউটার) | ১,০০৫ জন        |
|                  | সহকারি শিক্ষক (বিজ্ঞান)                             | ১১০ জন          |
|                  | প্রভাষক (বিজ্ঞান) আলিম স্তর                         | ১১৩ জন          |
|                  | মোট   | ১,২২৮ জন        |

৩.০ অর্থ বিভাগের সিদ্ধান্ত এবং প্রাথমিক যাচাই বাছাই অনুযায়ী নিম্নোক্ত শর্তে বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান (দাখিল ও আলিম) এ ১৩.১১.২০১১খ্রি. তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের পরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এবং কর্মরত এম.পি.ও বিহীন সহকারি শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার)-১,০০৫ (একহাজার পাঁচ) জন , সহকারি শিক্ষক (বিজ্ঞান)-১১০ (একশত দশ) জন এবং প্রভাষক (বিজ্ঞান) আলিম স্তরে-১১৩ (একশত তের) জন মোট-১,২২৮ (একহাজার দুইশত আটশ) জন শিক্ষককে এম.পি.ও ভুক্ত করণে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হ'ল:

শর্ত:

- এ সকল শিক্ষক কোন বকেয়া বেতনভাতা প্রাপ্য হবেন না;
- শিক্ষা মন্ত্রণালয়ের গত ০৮ সেপ্টেম্বর ২০১৫খ্রি. তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী আওতাধীন স্ব স্ব অঞ্চলের মাধ্যমে ১,২২৮ জন শিক্ষককে অনলাইনে এম.পি.ও ভুক্তির জন্য আবেদন করতে হবে;
- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, এম.পি.ও নীতিমালা অনুসরণপূর্বক এম.পি.ও প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং
- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যতালিকা অনুযায়ী এ বিভাগের অধীন বেসরকারি মাদ্রাসার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের যুগ্ম-সচিব, উপসচিব এবং  
সহকারী সচিব স্বাক্ষরিত ১,২২৮ জন শিক্ষকের তালিকা-১৭৬ ফর্দ।

(মো: আবদুল খালেক)  
সহকারী সচিব(মাদ্রাসা-২)  
৯৫৪৯৩৯৬

**মহাপরিচালক**

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার

লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল).....
- ৮। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....
- ১০। অধ্যক্ষ/সুপার .....
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
- ১২। অফিস কপি।